

বিশ্বসেরার তালিকায় স্থান পেলেন ইবির ৬১ গবেষক

ইবি প্রতিনিধি

১৩ জানুয়ারি ২০২৩ ০৬:২৮ পিএম | আপডেট: ১৩ জানুয়ারি ২০২৩

০৬:২৮ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয়। ছবি: আমাদের সময়

advertisement

অ্যালপার ডজার (এডি) সায়েন্টিফিক ইনডেক্সে বিশ্বসেরা গবেষকদের তালিকায় গত বছরের তুলনায় তিনগুণ বৃদ্ধি পেয়ে বিশ্বসেরার তালিকায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ৬১ জন শিক্ষক স্থান পেয়েছেন। সম্প্রতি প্রকাশিত আন্তর্জাতিক খ্যাতনামা সংস্থা এডি সায়েন্টিফিক ইনডেক্সের ২০২৩ সালের একটি তালিকা সূত্রে এ তথ্য জানা যায়।

এ তালিকায় দেশের সরকারি-বেসরকারি সর্বমোট ১৬৮টি বিশ্ববিদ্যালয়ের ৬ হাজার ৩৩৫ জন গবেষক স্থান পেয়েছেন। গত ২০২১ সালের প্রকাশিত তালিকায় দেশের মোট এক হাজার ৭৮৮ জন গবেষকের মধ্যে ইবির ১৭ জন এবং ২০২২ সালে দুই হাজার ৭৭২ জনের মধ্যে ২০ জন শিক্ষক স্থান পেয়েছিলেন।

advertisement

উল্লেখ্য অ্যালপার ডজার (এডি) সায়েন্টিফিক ইনডেক্সে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান-গবেষক-অধ্যাপকদের পুরো কাজ, শেষ ৫ বছরের কাজ তুলে ধরা হয়েছে এবং তাদের গুগল স্কলারের এইচ-সূচক (এইচ-ইনডেক্স), আই-১০ ইনডেক্স, সাইটেশনের তথ্যের ভিত্তিতে র্যাংকিংটি প্রকাশ করা হয়েছে।

advertisement 4